এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি (এফএকিউ)

সুপারিশ

এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট পিতামাতা ও শিক্ষকবৃন্দের মতামতের ভিত্তিতে তৈরি করা হয়েছে। এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট সম্পর্কে আপনার সুপারিশ জমা দিতে যে কোন স্ক্রিনের নিচের ডান-কোণায় লভ্য **সুপারিশ** লিংকটি ব্যবহার করুন।

আপনি যদি এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টে আপনার সন্তান সম্পর্কিত কোন ভুল তথ্য দেখেন, তাহলে তার স্কুলের সাথে যোগাযোগ করুন।

লগ ইন করুন

http://mystudent.nyc

আরো জানতে দেখুন:
http://schools.nyc.gov/nycschools

T&I-24532 (Bengali)

1. আমি কীভাবে এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট খুলতে পারি?

আপনি একটি এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট অ্যাকাউন্ট খুলতে পারেন যেকোন কমপিউটার অথবা ইন্টারনেট-সংযোগ রয়েছে এমন কোন ডিভাইস ব্যবহার করে http://mystudent.nyc ওয়েবসাইটে গিয়ে "অ্যাকাউন্ট তৈরি" লিংকে ক্লিক করে। এনওয়াইসি পাবলিক স্কুলের আপনার সন্তানদের প্রত্যেকের জন্য আপনাদের বাড়িতে পাঠানো চিঠিতে প্রদত্ত অনন্য অ্যাকাউন্ট ক্রিয়েশন কোড-এর প্রয়োজন হবে। বাড়তি নির্দেশনা থাকবে প্রিন্ট করা চিঠিতে। আপনি যদি চিঠি না পান, সন্তানের স্কুলে যোগাযোগ করুন। আপনারা একটি অ্যাকাউন্ট তৈরির জন্য সরাসরি সন্তানের স্কুলেও যেতে পারেন। এর জন্য প্রয়োজন হবে একটি ফটো আইডি, একটি বৈধ ইমেইল ঠিকানা, এবং সন্তানের ৯-রাশির স্টুডেন্ট আইডি নম্বর।

2. আমার সন্তানের জন্য কে এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করতে পারে?

আপনি নিজে নিজে (অনলাইনে) বা সন্তানের স্কুলে গিয়ে করতে পারেন। তবে আপনাকে অবশ্যই সন্তানের পিতামাতা অথবা আইনগত অভিভাবক হতে হবে এবং একই ঠিকানায় বসবাস করতে হবে। অনলাইনে অ্যাকাউন্ট তৈরির সময় কমপিউটারে প্রবেশ অথবা অন্য কোন সমস্যা সম্পর্কে আপনার যদি প্রশ্ন থাকে, অনুগ্রহ করে স্কুলের সাথে যোগাযোগ করুন।

3. আমি কখন আমার অ্যাকাউন্ট তৈরির কোড ব্যবহার করবো?

অনলাইনে অ্যাকাউন্ট তৈরি অথবা আপনার অ্যাকাউন্টে আরেকটি সন্তানকে সংযুক্ত করার সময়ই শুধু অ্যাকাউন্ট তৈরির কোড প্রয়োজন হবে। আপনি যদি ইতোমধ্যে ব্যক্তিগতভাবে অনলাইনে অ্যাকাউন্ট তৈরি করে থাকেন (এবং তাতে নিউ ইয়র্ক সিটির কোন পাবলিক স্কুলে অধ্যয়নরত আপনার সকল সন্তান অন্তর্ভুক্ত), আপনার অ্যাকাউন্ট তৈরির কোড প্রয়োজন হবে না।

4. আমি অ্যাকাউন্ট তৈরির কোড পাইনি। আমার কী করা উচিত?

আপনার সন্তানের স্কুল থেকে আপনাকে একটি এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্ট তৈরি করার কোডসম্বলিত অনন্য অ্যাকাউন্ট ক্রিয়েশন কোড লেটার দেওয়ার কথা। আপনার যদি এনওয়াইসি পাবলিক স্কুলে একাধিক সন্তান থাকে তাহলে আপনাকে এক চিঠিতে প্রত্যেক সন্তানের জন্য একটি করে কোড সরবরাহ করা হবে। আপনি যদি চিঠি না পেয়ে থাকেন, তাহলে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন বা নিজে গিয়ে অ্যাকাউন্ট খোলার জন্য অ্যাপয়েন্টমেন্ট নিন।

5. আমি কি একাধিক সন্তানের জন্য এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট খুলতে পারি?

হ্যাঁ, কোন এনওয়াইসি পাবলিক স্কুলে আপনার একাধিক সন্তান অধ্যয়নরত থাকলে আপনি তাদের সবার জন্য অনলাইনের এক রেজিস্ট্রেশন অধিবেশনে প্রত্যেক সন্তানের অনন্য অ্যাকাউন্ট তৈরির কোড যোগ করে তা করতে পারেন। আপনি প্রত্যেক সন্তানের জন্য অ্যাকাউন্ট তৈরির কোড সম্বলিত আলাদা চিঠি পাবেন। আপনি বিদ্যমান অ্যাকাউন্টের "ম্যানেজ মাই অ্যাকাউন্ট" পেজ-এ প্রত্যেক সন্তানের ৯-রাশির শিক্ষার্থী আইডি এবং অনন্য অ্যাকাউন্ট কোড এন্টার করে বাড়তি সন্তান যোগ করতে পারেন।

6. আমার কি প্রত্যেক সন্তানের জন্য আলাদা অ্যাকাউন্ট প্রয়োজন?

না, আপনি একটি এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টে আপনার সকল সন্তানকে দেখতে সক্ষম হবেন। অ্যাকাউন্ট তৈরি করার পর আপনি আপনার ম্যানেজ মাই অ্যাকাউন্ট পেইজে অবশিষ্ট সন্তানদের স্টুডেন্ট আইডি নম্বর ও অ্যাকাউন্ট তৈরি করার কোড ব্যবহার করে তাদেরকে যুক্ত করতে পারেন।

7. এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টের ব্যাপারে কে আমাকে সহায়তা করতে পারে?

আপনার অ্যাকাউন্টের বিভিন্ন বিষয় খোঁজা নিয়ে কোনো প্রশ্ন থাকলে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ অথবা 311 নম্বরে ফোন করুন। স্কুল আপনাকে কোন সংশ্লিষ্ট কর্মী সদস্যের কাছে পাঠাবে।

এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি (এফএকিউ)

8. আমি কি ইংরেজি ছাড়া অন্য কোন ভাষায় আমার সন্তানের তথ্য দেখতে পারি?

হ্যাঁ, এনওয়াইসি **এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টে** হোম পেজ থেকে আপনি দশটি ভাষার একটি বেছে নিতে পারেন,যার অন্তর্ভুক্ত আরবি, বাংলা, চাইনিজ, ইংরেজি, ফরাসি, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ, এবং উর্দু।

9. আমি আমার পাসওয়ার্ড ভুলে গিয়েছি। কীভাবে আমি লগ ইন করবো?

আপনি যদি এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করে থাকেন এবং আপনার পাসওয়ার্ড ভুলে যান, তাহলে সেটি রিসেট করতে লগ ইন পেজ-এ প্রদত্ত *ফরগট ইওর পাসওয়ার্ড?* লিংকটি ব্যবহার করুন। সমস্যার যদি সমাধান না হয়, আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন।

10. কত ঘনঘন আমার এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্ট চেকক করা উচিত?

এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট প্যারেন্ট টিচার কনফারেন্স এবং আপনার সন্তানের স্কুলের সাথে অন্য মিটিং ছাড়াও স্কুল বছরব্যাপী আপনার সন্তানের অ্যাকাডেমিক অগ্রগতির খোঁজ নেওয়ার একটি প্রধান উপায়।

11. এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টে আমার সন্তানের তথ্য যদি সঠিক না থাকে, তাহলে কী করতে হবে?

আপনি যদি এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টে আপনার সন্তান সম্পর্কিত কোন ভুল তথ্য দেখেন, তাহলে তার স্কুলের সাথে যোগাযোগ করুন।

12. এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টের মাধ্যমে আমার সন্তান কি তার তথ্য দেখতে পারে?

এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট একটি ওয়েবসাইট যার লক্ষ্য স্কুলে আপনার সন্তানের অগ্রগতি সম্পর্কিত মূল তথ্য জানতে আপনাকে সুযোগদান। আপনাকে আপনার সন্তানসহ এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট পেজ দেখতে উৎসাহিত করা হচ্ছে যেন আপনি তার সাথে অ্যাকাডেমিক অগ্রগতি নিয়ে কথা বলেন।

13. তবুও কি আমি আমার সন্তানের স্কুল থেকে রিপোর্ট কার্ড পাবো?

হ্যাঁ, প্রতিটি স্কুলের তাদের নিজস্ব রিপোর্ট কার্ড রয়েছে যেখানে আপনার এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টে যেসব গ্রেড দেখানো হয় তার বাইরেও বাড়তি তথ্য অন্তর্ভুক্ত থাকতে পারে। আপনার এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট অ্যাকাউন্ট আপনার সন্তানের অফিসিয়াল স্কুল রেকর্ডের বিকল্প নয়।

14. আমার কোন কমপিউটার নাই। আমি কীভাবে এনওয়াইসি স্কুলস্ দেখার সুযোগ পাবো?

এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টে যেকোন ইন্টারনেট-রেডি ডিভাইস থেকে ঢোকা যাবে যেমন কমপিউটার, ফোন অথবা ট্যাবলেট। কমপিউটার সুবিধা লাভে আপনি আপনার নিকটবর্তী পাবলিক লাইব্রেরিতে যান।

15. আমার সন্তানের তথ্য দেখতে পেতে হলে আমার ইমেইল নিশ্চিত করতে হবে কেনো?

সকল এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট ব্যবহারকারীকে তাদের ইমেইল ঠিকানা নিশ্চিত করতে বলা হয় যাতে নিশ্চিত করা যায় যে প্রদত্ত ইমেইল ঠিকনাটি একটি সক্রিয় ইমেইল অ্যাকাউন্টের সাথে সংশ্লিষ্ট।

16. আমাকে কখন আমার ইমেইল ঠিকানা নিশ্চিত করতে হবে?

আপনি যদি ১০ মে, ২০১৬ তারিখের পূর্বে একটি এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করে থাকেন, তাহলে আপনার কাছে অ্যাকাউন্ট নিশ্চিত করার জন্য একটি ইমেইল পাঠান হবে। আপনি তখন বা ৩০ সেপ্টেম্বর ২০১৬ তারিখের পূর্বে যে কোন সময় আপনার ইমেইল নিশ্চিত করার সুযোগ পাবেন।

আপনি যদি ১০ মে, ২০১৬ তারিখের পরে একটি অ্যাকাউন্ট তৈরি করেন, তাহলে আপনাকে আপ্লিকেশনটি ব্যবহারের আগে অ্যাকাউন্ট নিশ্চিত করতে বলা হবে। প্রাথমিক প্রত্যয়ন সম্পন্ন হওয়ার পরে পরবর্তিতে আপনি যখন এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট-এর সাথে সংশ্লিষ্ট ইমেইল পরিবর্তন করতে যাবেন, তখনি শুধু ইমেইল নিশ্চিত করতে বলা হবে। স্বয়ংক্রিয়ভাবে নতুন ঠিকানায় ইমেইল চলে যাবো।

আপনার কাছে পাঠান নিশ্চিতকরণ ইমেইল কার্যকর থাকবে পাঠানর পরিবর্তি ২৪ ঘণ্টা পর্যন্ত।

17. ইতোমধ্যে আমার একটি এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্ট রয়েছে এবং আমি ৩০ সেপ্টেম্বর, ২০১৬- এর মধ্যে এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্ট-এ ইমেইল নিশ্চিত করার জন্য ইমেইল পাচ্ছি। এর অর্থ কী?

যদি ৩০ সেপ্টেম্বরের মধ্যে আপনার ইমেইল ঠিকানা নিশ্চিতকরণ করা না হয়, তাহলে এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট-এ আপনার সন্তানের তথ্য দেখার সুযোগ পাবেন না। কোন প্রশ্ন বা উদ্বেগ থাকলে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন।

18. এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টে আমার সন্তানের তথ্য কি নিরাপদ?

হ্যাঁ, এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট-এ সংরক্ষিত তথ্য ১৩৮-বিট এসএসএল এনক্রিপশন দ্বারা সুরক্ষিত এবং সংরক্ষিত। ফ্যামিলি এডুকেশন রাইটস্ অ্যান্ড প্রিভেসি আইনের (এফইআরপিএ) অধীনে আপনার সন্তান সম্পর্কিত তথ্য সংরক্ষিত। এফইআরপিএ সম্পর্কিত আরও তথ্যের জন্য, দেখুন: http://www2.ed.gov/policy/gen/guid/fpco/ferpa.